

নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

১৮। বদান্যতা, সেবা-যত্ন করা ও বিনয়ী হওয়া (الجود والخدمة والتواضع)

আল্লাহ তা'আলা বলেন:

(هَلْ أَتَاكَ حَدِيثُ ضَيْفِ إِبْرَاهِيمَ الْمُكْرَمِينَ (24) إِذْ دَخَلُوا عَلَيْهِ فَقَالُوا سَلَامًا قَالَ سَلَامٌ قَوْمٌ مُنْكَرُونَ (25) فَرَاغَ إِلَى أَهْلِهِ فَجَاءَ بِعِجْلِ سَمِينِ (26) فَقَرَّبَهُ إِلَيْهِمْ قَالَ أَلَا تَأْكُلُونَ (27)) .. [الذاريات: 24 _ 27]

'তোমার কাছে কি ইবরাহীমের সম্মানিত মেহমানদের বৃত্তান্ত এসেছে? (২৪) যখন তারা তার কাছে আসলেন এবং বললেন, 'সালাম', উত্তরে তিনিও বললেন, 'সালাম'। এঁরা তো অপরিচিত লোক। (২৫) অতঃপর তিনি দ্রুত চুপিসারে নিজ পরিবারবর্গের কাছে গেলেন এবং একটি মোটা-তাজা গো-বাছুর (ভাজা) নিয়ে আসলেন। (২৬) অতঃপর তিনি তা তাদের সামনে পেশ করলেন এবং বললেন, 'তোমরা কি খাবে না?' (সূরা আয-যারিয়াত: ২৪-২৭)।

আল্লাহ তা'আলা দু'জন মহিলা সম্পর্কে মূসা (আ.)-এর ঘটনা উল্লেখ করে বলেন:

(قَالَ مَا خَطْبُكُمَا قَالَتَا لَانَسْقِي حَتَّى يُصْدِرَ الرِّعَاءُ وَأَبُونَا شَيْخٌ كَبِيرٌ (23) فَسَقَى لَهُمَا ثُمَّ تَوَلَّى إِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ إِنِّي لِمَا أَنْزَلْتَ إِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيرٌ (24)) [القصص: 23 _ 24]

'তিনি বললেন, তোমাদের ব্যাপার কী? তারা বলল, আমরা (আমাদের পশুগুলোর) পানি পান করাতে পারি না, যতক্ষণ না রাখালরা তাদের (পশুগুলো) নিয়ে সরে যায়। আর আমাদের পিতা একজন অতিবৃদ্ধ। (২৩) তখন মূসা তাদের পক্ষে (পশুগুলোকে) পানি পান করিয়ে দিলেন। তারপর ছায়ায় ফিরে গেলেন এবং বললেন, হে আমার রব, নিশ্চয় আপনি আমার প্রতি যে অনুগ্রহই নাযিল করবেন, আমি তার মুখাপেক্ষী' (সূরা কাছাছ: ২৩-২৪)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(وَاصْبِرْ نَفْسَكَ مَعَ الَّذِينَ يَدْعُونَ رَبَّهُمْ بِالْغَدَاةِ وَالْعَشِيّ يُرِيدُونَ وَجْهَهُ وَلَاتَعْدُ عَيْنَاكَ عَنْهُمْ تُرِيدُ زِينَةَ الْحَيَاةِ الدُّنْيَا وَالْعَشِيّ يُرِيدُونَ وَجْهَهُ وَلَاتَعْدُ عَيْنَاكَ عَنْهُمْ تُرِيدُ زِينَةَ الْحَيَاةِ الدُّنْيَا وَالْعَهْدُ وَكَانَ أَمْرُهُفُولُطًا (28)) [الكهف: 28]

'আর তুমি নিজকে ধৈর্যশীল রাখ তাদের সাথে, যারা সকাল-সন্ধ্যায় তাদের রবকে ডাকে, তাঁর সম্ভুষ্টির উদ্দেশে এবং দুনিয়ার জীবনের সৌন্দর্য কামনা করে। তোমার দু'চোখ যেন তাদের থেকে ঘুরে না যায়। আর ঐব্যক্তির আনুগত্য করো না, যার অন্তরকে আমি আমার যিকর থেকে গাফেল করে দিয়েছি এবং যে তার প্রবৃত্তির অনুসরণ করেছে এবং যার কর্ম বিনষ্ট হয়েছে' (সুরা আল-কাহাফ: ২৮)।

وَعَنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُ قالَ: سَمِعْتُ النَّبِيَّ – صلى الله عليه وسلم – يَقُولُ: «لا تُطْرُونِي كَمَا أَطْرَتِ النَّصَارَى ابْنَ مَرْيَمَ، فَإِنَّمَا أَنَا عَبْدُهُ، فَقُولُوا: عَبْدُ اللهِ وَرَسُولُهُ». أخرجه البخاري برقم (3445)

উমার (রা.) হতে বর্ণিত। তিনি বলেন: আমি রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কে বলতে শুনেছি, তিনি



বলেন: তোমরা আমার প্রশংসা করতে গিয়ে বাড়াবাড়ি করো না, যেমন ঈসা মারইয়াম সম্পর্কে খ্রিস্টানরা বাড়াবাড়ি করেছিল। আমি তার বান্দা, তাই তোমরা বলবে, আল্লাহর বানদা ও তার রাসূল (ছহীহ বুখারী, হা/৩৪৪৫)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9359

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন